দৈনিক ইনকিলাব

176

তারিখ ... ... SEP. 07 1995
পৃষ্ঠা 9 কলাম ..৫......

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি পদ্ধতির পরিবর্তন চাই

বর্তমানে বাংলাদেশের সবগুলো বিশ্ববিদ্যালয়ে ভর্তি পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে SSC এবং HSC-তে প্রাপ্ত মূল MARKSএর যথাক্রমে শতকরা ৪-এর ৬ ভাগ নম্বর যোগ করে ভর্তির চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হয়। এটিকে স্কোর পদ্ধতি বলা হয়। আমার মতে যে সকল ছাত্র-ছাত্রী বিজ্ঞান বিভাগ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেছে তারা বাণিজ্য বিভাগের SUBJECTএ এবং যারা বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেছে তারা কলা এবং সমাজ বিজ্ঞান বিভাগের SUBJECT গুলোতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করলে তাদের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে SSC এবং HSC 'র কোন নম্বর যোগ করা উচিত নয়। এ ক্ষেত্রে শুধু ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে ভর্তির চূড়ান্ত তালিকা প্রণয়ন করা উচিত। কেননা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ থেকে তুলনামূলকভাবে MARKS উঠানো সহজ। তাছাড়াও তাদের ব্যবহারিক বিষয় থাকার দরুন এতে তারা কোন রকম TENSION ব্যতীতই মানবিকের চেয়ে ১০০ নম্বর এগিয়ে থাকে। আর এজন্যই মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষায় ভাল করেও প্রতিযোগিতায় টিকে থাকতে পারে না। ভাবতে অবাক লাগে, যারা কলা বিভাগে উচ্চতর ডিগ্রী লাভের জন্য সেই মাধ্যমিক স্তর থেকেই কলা বিভাগে পড়ে আসছে বিশ্ববিদ্যালয়ে এসে তাদের কোন চান্স হচ্ছে না; হচ্ছে কলা বিভাগকে ঘৃণাকারীদের। তাই দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মাননীয় উপাচার্য এবং ভর্তি পরীক্ষা কমিটিকে এ বিষয়টি ভেবে দেখার জন্য বিনীত আবেদন করছি।

—এহসানুল হক খান আশিষ, গ্রাম-কৃপালপুর,
ডাক-কুমিরাদহ, শৈলকুপা, ঝিনাইদহ-৭৩২১।